যুগান্তর

তারিখ . . 19 .OCT.. 2015. ...
পৃষ্ঠা ...১৬... কলাম..... ২.....

# জাবি শিক্ষক সমিতির কর্মবিরতি শুরু আজ

## ভর্তি পরীক্ষা নিয়ে শংকা

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ফয়সাল হোসেন দীপুকে প্রশাসনিক পদ থেকে অব্যাহতি দিতে ভিসিকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি বেঁধে দেয়া ২৪ ঘণ্টা পার হলেও এখনও কোনো সিদ্ধান্ত নিতে পারেনি প্রশাসন। নিয়োগ বাতিল না হওয়ায় আজ থেকে সর্বাত্মক কর্মবিরতি পালন করবেন শিক্ষকরা। ফলে ২৫ অক্টোবর থেকে শুরু হতে যাওয়া ২০১৫-১৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়া নিয়ে অনিশ্চয়তা সৃষ্টি হয়েছে। দুশ্চিন্তায় ভর্তিচ্ছু শিক্ষার্থী ও অভিভাবকরা। এদিকে শিক্ষক সমিতির জরুরি সভায় ভর্তি পরীক্ষা, ছাত্রলীগ নেতার নিয়োগ বাতিল এবং শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন কাঠামো ও অষ্টম জাতীয় বেতন কাঠামো নিয়ে আন্দোলনের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে আজ শিক্ষক সমিতির জরুরি সভা ডাকা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক সূত্রে জানা গেছে, রোববার দুপুর ১২টার দিকে ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলামের কাছে শিক্ষক সমিতির চিঠি আসে। ২৪ ঘণ্টার মধ্যে প্রশাসনিক সিদ্ধান্ত জানানোর কথা বলেন। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মাফরুহী সাত্তার টিটু যুগান্তরকে বলেন, ভর্তি পরীক্ষাসহ অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত নিতে সোমবার (আজ) শিক্ষক সমিতির জরুরি সভা আহ্বান করা হয়েছে। তবে সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত শিক্ষকদের সর্বাত্মক কর্মবিরতি অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

জানা গেছে, ১৩ জুলাই বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারে প্রশাসনিক কর্মকর্তা হিসেবে দীপুকে নিয়োগ দেয়া হয়। তার বিরুদ্ধে ২০১৩ সালে ভিসিবিরোধী আন্দোলন চলাকালে শিক্ষকদের ওপর হামলা অভিযোগ রয়েছে। শিক্ষকরা তার নিয়োগ বাতিলের দাবি জানিয়ে আসছেন।